



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
পরিকল্পনা ও উন্নয়ন শাখা
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
বাড়ি নং-৪৪, সড়ক নং-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd



নং-৩৭.২৪.০৪.০০০০.১১৯.১৩৩.১৮-৭৫

তারিখ: ২৮ ফাল্গুন ১৪২৬ বঙ্গাব্দ
১২ মার্চ ২০২০ খ্রিস্টাব্দ

বিষয় : জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উদ্বোধন অনুষ্ঠান আয়োজন সংক্রান্ত সভার কার্যবিবরণী।

সভার তারিখ : ১২ মার্চ ২০২০ খ্রিস্টাব্দ; বৃহস্পতিবার; দুপুর ১২.০০ মিনিট।

স্থান : প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের অফিস কক্ষ (কক্ষ নং-২০১)।

সভাপতি : নাসরীন আফরোজ, ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব), প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।

সভায় নিম্নোক্ত সদস্যগণ উপস্থিত ছিলেন:

ক্র:	নাম	পদবী
১.	কাজী হাবিবুদ্দীন আহমেদ	সহকারী পরিচালক (উপবৃত্তি)
২.	জনাব মোহাম্মদ আনোয়ার হোসেন সোহাগ	সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)
৩.	জনাব রেজওয়ানা আক্তার জাহান	সহকারী পরিচালক (প্রশাসন)
৪.	জনাব মো: আব্দুল্লাহ আল মামুন	প্রোগ্রামার
৫.	জনাব অসীম কুমার পাল	সহকারী প্রোগ্রামার

২.০ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উদ্বোধন অনুষ্ঠান আয়োজন সংক্রান্ত সভার আলোচ্যসূচির মর্মানুযায়ী বিস্তারিত তথ্যদি সভায় সিদ্ধান্ত গ্রহণের জন্য উপস্থাপন করেন:

ক্র:	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
২.১	<p>জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উদ্বোধন অনুষ্ঠান আয়োজন:</p> <p>সভাপতি ও ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক সভাকে অবহিত করেন যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী আগামী ১৭ মার্চ ২০২০ তারিখ দেশজুড়ে বর্ণাঢ্য আয়োজনের মধ্য দিয়ে উদযাপনের জন্য জাতীয় বাস্তবায়ন কমিটি কর্তৃক ব্যাপক প্রস্তুতি নেয় হয়। তবে সাম্প্রতিক বিশ্ব পরিস্থিতি বিবেচনায় নিয়ে মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে গত ০৮ মার্চ ২০২০ তারিখ জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় দেশজুড়ে স্থানীয় পর্যায়ে অনুষ্ঠানসমূহে জনসমাগম ব্যতিরেকে উৎসবমুখর পরিবেশে আয়োজনের জন্য বলা হয়, যা মন্ত্রিপরিষদ বিভাগের মাঠ প্রশাসন সংযোগ অধিশাখার গত ১১ মার্চ ২০২০ তারিখের ১৮৩ নং এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সমন্বয় শাখার অদ্য ১২ মার্চ ২০২০ তারিখের ১৩৬ সূত্রোক্ত স্মারকে জানানো হয়।</p> <p>সভাপতি জাতির পিতা বঙ্গবন্ধু মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী উদযাপন উদ্বোধন অনুষ্ঠান আয়োজন সংক্রান্ত মন্ত্রিপরিষদ বিভাগের প্রেরিত পত্রের আলোকে ট্রাস্ট কর্তৃক গৃহীত বিভিন্ন সিদ্ধান্তসমূহ যথাযথভাবে পালনের জন্য সকলকে অনুরোধ জানান।</p>	<p>(ক) ১৭ই মার্চ ২০২০ তারিখে অফিস আলোকসজ্জাকরণ;</p> <p>(খ) জাতীয় পতাকা উত্তোলন;</p> <p>(গ) ধানমন্ডি ৩২ নম্বরস্থ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে শ্রদ্ধাজ্ঞাপন;</p> <p>(ঘ) আলোচনা সভার আয়োজন; এবং</p> <p>(ঙ) অফিসে বঙ্গবন্ধু কর্ণার উদ্বোধন।</p>	<p>সহকারী পরিচালক (প্রশাসন)/সহকারী পরিচালক (অর্থ ও হিসাব), প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট।</p>

৩.০ আর কোন আলোচনা না থাকায় সভায় উপস্থিতির জন্য উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(নাসরীন আফরোজ) ০৬.০৬.২০২০

ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব)

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

ফোন: ০২-৮১৯২২০০

e-mail: md@pmeat.gov.bd

বিতরণ সদয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব/সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ৩। উপসচিব (সমন্বয়-শাখা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। উপ-পরিচালক/সহকারী পরিচালক (সকল), প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
- ৫। প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার/হিসাবরক্ষণ কর্মকর্তা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
- ৬। ব্যবস্থাপনা পরিচালক/পরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
- ৭। অফিস সহকারী/ডাটা এন্ট্রি অপারেটর (সকল), প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
- ৮। অফিস কপি।